

মাদ্রাসা অধ্যক্ষ বরখাস্ত

সংবাদ : প্রতিনিধি, ফেনী | ঢাকা, সোমবার, ০৮ এপ্রিল ২০১৯



ফেনীর সোনাগাজী ইসলামিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসার পরীক্ষার্থী নুসরাত জাহান রাফির গায়ে আগুন ধরিয়ে হত্যাচেষ্টার ঘটনায় মাদ্রাসার অধ্যক্ষ সিরাজ উদ দৌলাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। গতকাল দুপুরে ফেনীর অতিরিক্ত জেলা

প্রশাসক (রাজস্ব) পিকেএম এনামুল করিমের নেতৃত্বে তার কার্যালয়ে মাদ্রাসার গভর্নিং বডির জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। অধ্যক্ষকে সাময়িক বরখাস্ত করা ছাড়াও সভায় আরও ছয়টি বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়। সিদ্ধান্তগুলো হলো ওই ছাত্রীর চিকিৎসা সহযোগিতার জন্য মাদ্রাসা তহবিল এবং শিক্ষকদের পক্ষ থেকে দুই লাখ টাকা অনুদান দেয়া; অগ্নিসংযোগকারী দুর্বৃত্তদের গ্রেফতার এবং আদালতে সোপর্দ করার জন্য মাদ্রাসার পক্ষ থেকে সার্বিক সহযোগিতা করা; মাদ্রাসার নিরাপত্তার জন্য দ্রুত সিসিটিভি ক্যামেরা স্থাপন করা; মাদ্রাসার জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়া; পরীক্ষা কেন্দ্রের নিরাপত্তা জোরদার করার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ করা এবং আলিম পরীক্ষা চলার সময় শ্রেণী কার্যক্রম বন্ধ রাখা। পরীক্ষার

পর যথারীতি শ্রেণী কার্যক্রম চালু হবে। সভায় আরও উপস্থিত ছিলেন মাদ্রাসা গভর্নিং কমিটির সভাপতি রুহুল আমিন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নুরুল আমিন, গভর্নিং কমিটির সদস্য, তিনজন শিক্ষক প্রতিনিধি ও দুইজন অভিভাবক সদস্য।

এদিকে এ ঘটনার কথা শুনে রোববার পৃথকভাবে উক্ত মাদ্রাসা পরিদর্শন করেছেন অতিরিক্ত ডিআইজি (চট্টগ্রাম রেঞ্জ) আবুল ফয়েজ এবং ফেনী জেলা পরিষদ চেয়ারম্যান আজিজ আহম্মদ চৌধুরী।

অপরদিকে সোনাগাজী থানার ওসি মোয়াজ্জেম হোসেন ঘটনায় জড়িতদের আটকের চেষ্টা চলছে বলে জানান। তিনি বলেন, এ ঘটনায় শনিবার জিজ্ঞাসাবাদের জন্য প্রতিষ্ঠানের ইংরেজি বিষয়ের শিক্ষক নুরুল আফছার এবং আলিম পরীক্ষার্থী আরিফুর রহমানকে থানায় আটক রাখা হয়েছে। তবে এদিন বিকেলে মাদ্রাসার অফিস সহকারী মোস্তফাকে জিজ্ঞাসাবাদ শেষে ছেড়ে দেয়া হয়েছে।